

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি


নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(২).২৩৪৯

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩০
২৭ নভেম্বর ২০২৩

বিষয়: লালমনিরহাট জেলা পরিষদের অস্থায়ী চেয়ারম্যান প্যানেল কে দায়িত্ব পালনের ক্ষমতা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মতিয়ার রহমান আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের লক্ষ্যে তাঁর স্থায়ী পদ হতে পদত্যাগ করেছেন। তাঁর পদত্যাগপত্র ২৭/১১/২০২৩ খ্রি: তারিখে সরকার কর্তৃক গৃহীত হয়েছে। উক্ত পদটি সরকার শূন্য ঘোষণা করেন।

২। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ (২০২২ সাল পর্যন্ত সংশোধিত) এর ১৩(২) ধারার বিধানমতে লালমনিরহাট জেলা পরিষদের অস্থায়ী চেয়ারম্যান প্যানেল ক্রমিক (১) জনাব মোঃ তাহমিদুল ইসলাম বিপ্লব, সাধারণ সদস্য, ওয়ার্ড নং-৫ কে আর্থিক ক্ষমতা নির্দেশক্রমে অর্পণ করা হলো।



মোহাম্মদ সামিউল হক
যুগ্মসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

- ১। চেয়ারম্যান, জেলা পরিষদ, লালমনিরহাট।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, লালমনিরহাট।
- ৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো]।